তারিখ 25 DEC 1988
পৃষ্ঠা 4 কলাম 1

দৈনিক সংবাদ

তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

267

## শিক্ষাবোর্ডে নিরীক্ষকদের নিরীক্ষার নমুনা

আমার এক বান্ধবী এ বছর ঢাকা বোর্ডের অধীনে গুরুদয়াল সরকারী কলেজ, কিশোরগঞ্জ থেকে মানবিক শাখায় এইচ,এস,সি পরীক্ষা দিয়েছিল এবং দ্বিতীয় বিভাগে পাস করেছে। পরীক্ষায় তার রোল নম্বর ছিল ৪৭৫৮৮। গত ১৩-১২-৮৮ তারিখ সে কলেজ থেকে তার মার্কশীট আনতে গিয়েছিল। মার্ক শীটে সে দেখতে পায় পরীক্ষায় সে চতুর্থ বিষয়ের ৮০ নম্বর ছাড়া মোট ৫৪৪ নম্বর পেয়েছে, কিন্তু ফলাফলের ঘরে লেখা রয়েছে তৃতীয় বিভাগ। অথচ নিরীক্ষক এবং লেখক-এর ঘরে যথারীতি তাঁদের স্বাক্ষর রয়েছে। ধরে নিলাম লেখকের অসচেতনতার জন্যে না হয় এই ভুল হয়েছে। কিন্তু নিরীক্ষক কি মার্ক শীটে স্বাক্ষর দেবার আগে একবারও দেখলেন না? কি মারাত্মক ভুল সম্বলিত এই মার্কশীটে তিনি স্বাক্ষর করছেন?

এখন প্রশ্ন হচ্ছে: নিরীক্ষক কি আদৌ এই মার্কশীট নিরীক্ষণ করেছেন নাকি মার্কশীটে পরীক্ষার্থীর বিভিন্ন বিষয়সমূহে প্রাপ্ত নম্বর এবং মোট নম্বর লেখার আগেই তিনি শুধুমাত্র কর্তব্যের খাতিরে স্বাক্ষর করেছেন? আমার বান্ধবী কলেজ কর্তৃপক্ষকে এ অভিযোগ জানালে তারা জানান যে, এটা কলেজ কর্তৃপক্ষ সংশোধন করিয়ে আনতে গেলে অনেক সময় লাগবে। সুতরাং পরীক্ষার্থীকে নিজ দায়িত্বেই বোর্ড কর্তৃপক্ষের কাছ থেকে এটা সংশোধন করিয়ে আনতে হবে। ভবিষ্যতে বোর্ড কর্তৃপক্ষের কাছে আমরা আর এমন খামখেয়ালীপনা এবং হয়রানি আশা করি না।

বিষয়টি বোর্ড কর্তৃপক্ষকে বিবেচনা করার জন্যে আহ্বান জানাচ্ছি।

মাহমুদা আখতার পারভীন
৯৯৩, আখড়া বাজার,
কিশোরগঞ্জ।

## শিক্ষকদের ভোগান্তি আর কত দিন?

সার্বজনীন প্রাথমিক শিক্ষা উন্নয়ন কল্পে সরকার দেশের এক হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করিয়া চারি হাজার শিক্ষককে আত্মীকরণসহ নব্য সৃষ্ট পদে অনেক শিক্ষক নিয়োগ করেন। উক্ত পদগুলি রাজস্ব খাতে না নিয়া উন্নয়ন খাতের মাধ্যমে গরীব ও অসহায় শিক্ষক/শিক্ষিকাদেরকে ভোগান্তির মাধ্যমে খয়রাতির মতন এক মাসের বেতন দশ মাস পরে প্রদান করিতেছেন। অনেক শিক্ষক আছেন শিক্ষা নবীশে। এক অনিশ্চয়তার মধ্যে শিক্ষকদেরকে দিনাতিপাত করিতে হইতেছে।

এখন শিক্ষা কর্তৃপক্ষ সমীপে প্রশ্ন হইতেছে উন্নয়ন খাতের মাধ্যমে বেতন প্রদানে নিরীহ শিক্ষকদের ভোগান্তি আর কতদিন চলিবে?

মানবেন্দ্র নাথ, সহকারী শিক্ষক, লীলানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, রাংগুনিয়া, চট্টগ্রাম।